গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ,ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০- ২০৮

তারিখঃ ২৩-০৪-২০১৯ খ্রিঃ

বিষয় ঃ **২০১৯-২০ অর্থ বছরের জন্য ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসংগে।**

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত সারা দেশে ৪৯৭টি (শুধুমাত্র আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচিভূক্ত উপজেলার সংখ্যা ১৮৭টি এবং আত্মকর্ম ও পরিবারভিত্তিক উভয় কর্মসূচিভূক্ত উপজেলার সংখ্যা ৩১০টি) উপজেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নির্ধারিত হলো ঃ

**ক. ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণের নীতি ঃ**

১. প্রতিটি উপজেলায় কর্মরত সি,এস সংখ্যার ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে;
২. ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা যৌক্তিকভাবে নির্ধারণের লক্ষ্যে উপজেলাগুলোকে নিম্নবর্ণিত ২টি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে এবং প্রতি ক্যাটাগরির জন্য আলাদাভাবে বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে।

ক্যাটাগরি-১ ঃ সাধারণ উপজেলা - ৪১২টি;
ক্যাটাগরি-২ ঃ বিশেষ উপজেলা - ৮৫টি
২.১ পার্বত্য উপজেলা - ২৫টি (রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান জেলার সকল উপজেলা);
২.২ হাওড় উপজেলা - ৮টি (অষ্টগ্রাম, মিঠামইন, ইটনা, খালিয়াজুড়ী, ধর্মপাশা, শাল্লা, দোয়ারাবাজার, আজমিরিগঞ্জ );
২.৩ দুর্গম দ্বীপ উপজেলা, সংখ্যা- ৬টি (কুতুবদিয়া, সন্দ্বীপ, মনপুরা, রাঙ্গাবালি, হাতিয়া, চৌহালী) এবং
২.৪ উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত উপজেলা ৪৬টি (রংপুর, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, পঞ্চগড় ও নাটোর জেলার সকল উপজেলা)।

৩. *বিতরণ এবং খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা আত্মকর্মসংস্থান ও পরিবারভিত্তিক উভয় কর্মসূচি মিলেই নির্ধারিত হয়েছে।*

**খ. বিভিন্ন ক্যাটাগরির উপজেলায় জনপ্রতি বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ**

১. সাধারণঃ শ্রেণীঃ

i) **শুধু আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচিভূক্ত সাধারণ উপজেলা (১৬৩টি উপজেলা) ঃ** শুধুমাত্র আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি রয়েছে এমন উপজেলার ক্ষেত্রে কর্মরত প্রতিজন সি,এস মাসে ন্যূনপক্ষে ২ জন নতুন সদস্যকে (উপকারভোগী/ঋণী) গড়ে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে বছরে ২৪ জন সদস্যকে - ২৪×৫০০০০ = ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন। যাদেরকে অন্যান্য দফায় ঋণ দেয়া হবে তা এ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

**ii) উভয় ঋণ কর্মসূচিভূক্ত সাধারণ উপজেলা (২৪৯টি উপজেলা)** উভয় ঋণ কর্মসূচি রয়েছে এমন উপজেলার ক্ষেত্রে কর্মরত প্রতিজন সি,এস (যিনি এ অর্থবছরে পরিবারভিত্তিক কেন্দ্র গঠন করবেন না) মাসে ন্যূনপক্ষে ২ জন নতুন সদস্যকে (উপকারভোগী/ঋণী) গড়ে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে বছরে ২৪ জন সদস্যকে - ২৪×৫০০০০ = ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন; অপরদিকে সি,এস (যিনি এ অর্থবছরে পরিবারভিত্তিক কেন্দ্র গঠন করবেন) বছরে পরিবার ভিত্তিকের ৪০ জন সদস্য নিয়ে গঠিত একটি কেন্দ্র ৪,৮০,০০০/- এবং আত্মকর্মসংস্থান কর্মসূচির ১৪ জন সদস্যকে ১৪×৫০০০০ = ৭,০০,০০০/-, মোট ১১,৮০,০০০/- (এগার লক্ষ আশি হাজার) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন। যাদেরকে অন্যান্য দফায় ঋণ দেয়া হবে তা এ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

২. **বিশেষ শ্রেণীঃ পার্বত্য, হাওড় এবং দুর্গম দ্বীপ শ্রেণীঃ**

**i) শুধু আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচিভূক্ত বিশেষ উপজেলা ( ২০ টি উপজেলা) ঃ**
পার্বত্য জেলাধীন ১৩টি উপজেলা (বান্দরবান সদর, নাইখংছড়ি, থানচি, নানিয়ারচর, বরকল, জুরাছড়ি, বিলাইছড়ি, বাঘাইছড়ি, রাঙ্গামাটি সদর, মহালছড়ি, লক্ষীছড়ি, মানিকছড়ি, খাগড়াছড়ি সদর); হাওড় এলাকায় ০৩টি উপজেলা (ধর্মপাশা, শাল্লা ও আজমিরীগঞ্জ ) এবং দুর্গম দ্বীপ এলাকার ৪টি উপজেলা (সন্দ্বীপ, মনপুরা, রাঙ্গাবালি ও হাতিয়া) মোট ২০টি উপজেলায় কর্মরত প্রতিজন সি,এস ন্যূনপক্ষে মাসে ১.৫ জন নতুন সদস্যকে (উপকারভোগী/ঋণী) গড়ে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে বছরে ১৮(আঠার) জন সদস্যকে ১৮×৫০০০০= ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন। যাদেরকে অন্যান্য দফায় ঋণ দেয়া হবে তা এ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

**ii) উভয় ঋণ কর্মসূচিভূক্ত বিশেষ উপজেলা (১৯টি উপজেলা)** পার্বত্য জেলাধীন ১২টি উপজেলা (লামা, আলীকদম, রোয়াংছড়ি, রুমা, কাউখালী, কাপ্তাই, লংগদু, রাজস্থলী, দিঘিনালা, রামগড়, মাটিরাঙ্গা ও পানছড়ি); হাওড় এলাকায় ০৫টি উপজেলা (অষ্টগ্রাম, মিঠামঈন, ইটনা, খালিয়াজুড়ী, দোয়ারাবাজার) এবং দুর্গম দ্বীপ এলাকার ২টি (কুতুবদিয়া ও চৌহালী) উপজেলায় কর্মরত প্রতিজন সি,এস (যিনি এ অর্থবছরে পরিবারভিত্তিক কেন্দ্র গঠন করবেন না) মাসে ন্যূনপক্ষে ১.৫ জন নতুন সদস্যকে (উপকারভোগী/ঋণী) গড়ে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে বছরে ১৮ জন সদস্যকে- ১৮×৫০০০০ = ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন; অপরদিকে সি,এস (যিনি এ অর্থবছরে পরিবারভিত্তিক কেন্দ্র গঠন করবেন) বছরে পরিবার ভিত্তিকের ৪০ জন সদস্য নিয়ে গঠিত একটি কেন্দ্র ৪,৮০,০০০/- এবং আত্মকর্মসংস্থান কর্মসূচির ৮ জন সদস্যকে ৮×৫০০০০ = ৪,০০,০০০/-, মোট ৮,৮০,০০০/- (আট লক্ষ আশি হাজার) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন। যাদেরকে অন্যান্য দফায় ঋণ দেয়া হবে তা এ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

চলমান পাতা /২

৩. উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত উপজেলা (৪৬টি উপজেলা) ঃ

**i) শুধু আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচিভূক্ত বিশেষ উপজেলা (০৬ টি উপজেলা) ঃ**

উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত শুধুমাত্র আত্মকর্মসংস্থান কর্মসূচি রয়েছে এমন ০৬টি উপজেলা (রংপুর সদর, ডিমলা, নীলফামারী সদর, হাতিবান্ধা, পঞ্চগড় সদর ও বাগাতিপাড়া) উপজেলায় কর্মরত প্রতিজন সি,এস ন্যূনপক্ষে মাসে ১(এক) জন নতুন সদস্যকে গড়ে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে বছরে ১২(বার) জন সদস্যকে (উপকারভোগী/ঋণীকে) ১২×৫০০০০= ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন। যাদেরকে অন্যান্য দফায় ঋণ দেয়া হবে তা এ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

**ii) উভয় ঋণ কর্মসূচিভূক্ত বিশেষ উপজেলা (৪০ টি উপজেলা)ঃ**

উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত উভয়কর্মসূচি রয়েছে এমন ৪০ টি উপজেলায় (পীরগঞ্জ((রংপুর), বদরগঞ্জ, পীরগাছা, কাউনিয়া, গংগাচড়া, তারাগঞ্জ, মিঠাপুকুর, জলঢাকা, সৈয়দপুর, ডোমার, কিশোরগঞ্জ, পাটগ্রাম, কালিগঞ্জ, আদিতমারী, লালমনিরহাট সদর, ফুলছড়ি, সুন্দরগঞ্জ, গোবিন্দগঞ্জ, সাদুল্যাপুর, পলাশবাড়ি, সাঘাটা, গাইবান্ধা সদর, উলিপুর, রৌমারী, নাগেশ্বরী, ভুরুঙ্গামারী , রাজারহাট, চিলমারী, রাজীবপুর, কুড়িগ্রাম সদর, ফুলবাড়ি(কুড়িগ্রাম), তেঁতুলিয়া, দেবীগঞ্জ, আটোয়ারী, বোদা, সিংড়া, নাটোর সদর, বড়াইগ্রাম, লালপুর ও গুরুদাসপুর) কর্মরত প্রতিজন সি,এস (যিনি এ অর্থবছরে পরিবারভিত্তিক কেন্দ্র গঠন করবেন না) মাসে ন্যূনপক্ষে ১ জন নতুন সদস্য (উপকারভোগী/ঋণীকে) গড়ে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে বছরে ১২ জন সদস্যকে (উপকারভোগী/ঋণীকে)- ১২×৫০০০০ = ৬,০০,০০০/- (বার লক্ষ) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন; অপরদিকে সি,এস (যিনি এ অর্থবছরে পরিবারভিত্তিক কেন্দ্র গঠন করবেন) পরিবার ভিত্তিকের ৪০ জন সদস্য নিয়ে গঠিত একটি কেন্দ্র ৪,৮০,০০০/- এবং আত্মকর্মসংস্থান কর্মসূচির ২ জন সদস্যকে ২×৫০০০০ = ১,০০,০০০/-, মোট ৫,৮০,০০০/- (পাঁচ লক্ষ আশি হাজার) টাকা ঋণ বিতরণ নিশ্চিত করবেন। যাদেরকে অন্যান্য দফায় ঋণ দেয়া হবে তা এ লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৪. পরিবারভিত্তিক ঋণ কর্মসূচিভুক্ত উপজেলাঃ

**৪.১) ১০৭টি উপজেলাঃ** উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত ১০টি উপজেলা (মিঠাপুকুর, সৈয়দপুর, জলঢাকা, ফুলবাড়ী(কুড়িগ্রাম), বোদা, তেঁতুলিয়া, লালপুর, নাটোর সদর, গাইবান্ধা সদর ও লালমনিরহাট সদর) পার্বত্য ১টি উপজেলা (লামা) হাওড় ১টি উপজেলা (খালিয়াজুড়ী), দুর্গম দ্বীপ ১টি উপজেলা (চৌহালী) ভুক্ত মোট ১৩টি পরিবারভিত্তিক উপজেলায় ১টি করে নতুন কেন্দ্র এবং অন্যান্য ৯৪টি উপজেলায় ২টি করে নতুন কেন্দ্র গঠন করতে হবে। উভয় কর্মসূচিভূক্ত উপজেলাতে সি,এস প্রতি বিতরণের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে উভয় কর্মসূচির বিতরণকে যোগ করে দেখাতে হবে।

**৪.২) সম্প্রসারিত ২০৩ উপজেলাঃ** সম্প্রসারিত ২০৩টি উপজেলার ১টি করে নতুন কেন্দ্র গঠন করতে হবে। উখিয়া উপজেলায় জনবল না থাকায় কোন কেন্দ্র গঠনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো না। উভয় কর্মসূচিভূক্ত উপজেলাতে সি,এস প্রতি বিতরণের পরিমাণ নির্ধারনের ক্ষেত্রে উভয় কর্মসূচির বিতরণকে যোগ করে দেখাতে হবে।

গ. শুধুমাত্র আত্মকর্মসংস্থান কর্মসূচি অংশে প্রয়োজনীয়তার নিরিখে বিতরণের পরিমাণ এবং নতুন সদস্য(উপকারভোগী/ঋণী সংখ্যা)বেশী হতে পারে।

**ঘ. আদায়ের লক্ষ্যমাত্রা (উভয় কর্মসূচীর জন্য)ঃ**

১. যে কোন মূল্যে উভয় কর্মসূচীর চলমান আদায় শতভাগ নিশ্চিত করতে হবে অর্থাৎ ঋণ খেলাপী কোনভাবেই বাড়তে দেয়া যাবে না ;

২. কিস্তি খেলাপীর টাকা কোনভাবেই ঋণ খেলাপীতে যুক্ত হতে দেয়া চলবে না। কিস্তি খেলাপীর সমুদয় অর্থ নির্ধারিত সময়ের মধ্যে আদায় নিশ্চিত করতে হবে।

৩. উপজেলায় কর্মরত প্রতিজন সি,এস এর বিপরীতে খেলাপী আদায়যোগ্য টাকা হতে প্রতি মাসে প্রতি লক্ষ টাকার বিপরীতে ন্যূনপক্ষে ২,০০০/-(দুই হাজার) টাকা আবশ্যিকভাবে আদায় নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয়তার নিরীখে খেলাপী আদায়ের পরিমাণ বেশী হতে পারে।

৪. যে সকল উপজেলায় অধিক পরিমাণে খেলাপী রয়েছে সেসকল উপজেলায় কার্যকর মোটিভেশন এবং বিশেষ কৌশল গ্রহণ করে খেলাপী আদায়পূর্বক বিতরণযোগ্য ঋণ তহবিল বাড়াতে হবে।

৫. উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত উপজেলাসমূহে রাজস্ব ও উন্নয়ন কর্মসূচী(প্রকল্প) হতে বিতরণকৃত ঋণ শতভাগ আদায়সহ খেলাপী হতে আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**ঙ. সাধারণ নির্দেশনা ঃ**

১. বর্ণিত নির্দেশনা মাফিক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ তার উপজেলায় কর্মরত সি,এসগণের মধ্যে কর্মসূচীভিত্তিক ঋণ বিতরণ (১ম ও অন্যান্য দফা আলাদাভাবে), চলতি ও খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণের মাধ্যমে মাসিক কর্মপরিকল্পনা তৈরী করবেন এবং সে মাফিক মাস ভিত্তিতে কর্মসূচী পরিচালনা ও তদারকী করবেন। আগামী ১৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত ছক 'ক' মাফিক কর্মপরিকল্পনা জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

২. প্রতিমাসে পর্যায়ক্রমে ও ধারাবাহিকভাবে ঋণ বিতরণের পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং সে মাফিক ঋণ বিতরণ করতে হবে। কয়েক মাস পর পর এবং বছরের শেষ দিকে তড়িঘড়ি করে ঋণ বিতরণের প্রক্রিয়া পরিহার করতে হবে।

৩. বিগত বছরের ঋণ বিষয়ক বিভিন্ন কর্মশালায় প্রদত্ত অনুশাসন, গৃহীত সুপারিশ ও মাসিক রিপোর্টে যে সব অসংগতির কথা বলা হয়েছে তা দ্রুত সংশোধন ও বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে।

৪. অধিক হারে আত্মকর্মসংস্থান সৃজনের লক্ষ্যে উপজেলার মোট ঋণ সংখ্যার সর্বোচ্চ ৪০% ঋণীকে একাধিকবার ঋণ প্রদানের সুযোগ রাখা হয়েছে। অর্থাৎ একজন সিএস ১ম দফায় ২৪টি (ঋণীকে) ঋণ বিতরণের শর্তে ১৬টি অন্যান্য দফায় ঋণ বিতরণের যোগ্যতা অর্জন করবে।

৫. যেহেতু উপজেলাসমূহকে সাধারণ,পাহাড়ী,হাওড়, দুর্গম দ্বীপ এবং উত্তরবঙ্গ প্রকল্পভুক্ত এলাকা হিসেবে বিবেচনা করে ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা যথেষ্ট যৌক্তিকভাবে নির্ধারণ করা হয়েছে এবং এ লক্ষ্যমাত্রা বার্ষিক পারফমেন্স চুক্তির (APA) অর্ন্তভূক্ত ; সেহেতু কর্তৃপক্ষ আশা করে যে, ২০১৯-২০ অর্থবছরের জন্য ঋণ বিতরণের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা সংশ্লিষ্ট সকলে যথাযথ নিয়মানুযায়ী প্রতিপালন করে আন্তরিকতা ও দক্ষতার সাথে বাস্তবায়ন করবেন।

সংযুক্তি ঃ ১। বর্ণনা মাফিক ছক 'ক'
২। ২০১৯-২০ সনের জেলাওয়ারী ঋণ বিতরণের সম্ভাব্য লক্ষ্যমাত্রা - ০২(দুই) পাতা

২৩/০৪/১৯
(আ.ন. আহ্‌ম্মদ আলী)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ৯৫৫৯৩৮৯
Email-dg@dyd.gov.bd

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল)
যুব উন্নয়ন অধিদপ্তর
............................... উপজেলা
.............................. জেলা ।

নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০- ২০৮ তারিখঃ ২৩-০৪-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। উপ-সচিব(যুব-২),যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল).................................., যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-পরিচালক(বাস্তবায়ন) ও এপিএ ফোকাল পয়েন্ট, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-কে সংযুক্ত তালিকার তথ্য মাফিক জেলাগুলোর সাথে চুক্তি স্বাক্ষরের(ঋণ অংশ) ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৪। উপ-পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,...................... জেলাকে বর্ণিত নির্দেশনা মোতাবেক তাঁর জেলাধীন উপজেলাসমূহের আলোচ্য বছরের বিতরণ ও আদায়ের লক্ষ্যমাত্রা সমন্বয় করে সংযুক্ত ছকে আগামী ২২/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
৫। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৭। অফিস কপি।

২৩/৪/১৯
(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)
ফোন-৯৫১৫০১৯
E-mail. addydpe@gmail.com

**জেলার নাম ঃ ........................................ ২০১৯-২০ বছরের ঋণ বিতরণ ও খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণী ছক 'ক' ঃ**

**(লক্ষ টাকায়)**

| ক্রঃ নং | উপজেলার নাম | উপজেলা-এর ধরণ | সি,এস সংখ্যা | কর্মসূচীর নাম | বছরের বিতরণ লক্ষ্যমাত্রা | | | | কিস্তি খেলাপীর পরিমাণ (মার্চ'১৯) | মার্চ'১৯ পর্যন্ত ঋণ খেলাপীর পরিমাণ | খেলাপী আদায়ের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রথম দফা | | অন্যান্য দফা | | | | কিস্তি খেলাপী | খেলাপী | মোট |
| | | | | | জন | টাকা | জন | টাকা | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১। | | | | আত্মঃ | | | | | | | | | |
| | | | | পরি ঃ | | | | | | | | | |
| | | | উপজেলার মোট = | | | | | | | | | | |
| ২। | | | | আত্মঃ | | | | | | | | | |
| | | | | পরি ঃ | | | | | | | | | |
| | | | উপজেলার মোট = | | | | | | | | | | |
| জেলার মোট= | | | | আত্মঃ | | | | | | | | | |
| জেলার মোট= | | | | পরি ঃ | | | | | | | | | |
| জেলার সর্বমোট( আত্মঃ+ পরিঃ)= | | | | | | | | | | | | | |

যুব উন্নয়ন অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের ঋণ বিতরণের জেলাওয়ারী লক্ষ্যমাত্রা (শুধুমাত্র ১ম দফা হিসেবে দাঃবিঃ ও ঋণ শাখার পত্র নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.১৯৪.১০-, তারিখ- মোতাবেক)

## ২০১৯-২০ অর্থবছরের ঋণ বিতরণের জেলাওয়ারী লক্ষ্যমাত্রা (১ম দফা ঋণ বিতরণের ক্ষেত্রে)

| নং | বিভাগ | জেলা | সিএস সংখ্যা | কর্মসূচিভিত্তিক উপজেলার সংখ্যা | | | কেন্দ্র সংখ্যা | লক্ষ্যমাত্রা | | বিশেষ উপজেলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | আত্মকর্ম | উভয় | মোট | | জন | টাকা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | ঢাকা | ঢাকা | ৩০ | ৭ | ৩ | ১০ | ৫ | ৮৭০ | ৩৫৯.০০ | |
| ২ | | নারায়ণগঞ্জ | ১৭ | ৪ | ১ | ৫ | ২ | ৪৬৮ | ২০৩.৬০ | |
| ৩ | | মনিকগঞ্জ | ২১ | ৩ | ৪ | ৭ | ৬ | ৬৮৪ | ২৫০.৮০ | |
| ৪ | | নরসিংদী | ১৮ | ৩ | ৩ | ৬ | ৬ | ৬১২ | ২১৪.৮০ | |
| ৫ | | মুন্সীগঞ্জ | ১৮ | ২ | ৪ | ৬ | ৭ | ৬৪২ | ২১৪.৬০ | |
| ৬ | | গাজীপুর | ১৪ | ২ | ৩ | ৫ | ৫ | ৪৮৬ | ১৬৭.০০ | |
| ৭ | | *ফরিদপুর | ২৫ | ৩ | ৬ | ৯ | ৮ | ৮৪০ | ২৯৮.৪০ | |
| ৮ | | রাজবাড়ি | ১২ | ২ | ৩ | ৫ | ৪ | ৪০৮ | ১৪৩.২০ | |
| ৯ | | মাদারীপুর | ১১ | ১ | ৩ | ৪ | ৫ | ৪১৪ | ১৩১.০০ | |
| ১০ | | শরিয়তপুর | ১৩ | ০ | ৬ | ৬ | ৭ | ৫২২ | ১৫৪.৬০ | |
| ১১ | | গোপালগঞ্জ | ১৪ | ১ | ৪ | ৫ | ৬ | ৫১৬ | ১৬৬.৮০ | |
| ১২ | | টাঙ্গাইল | ৩৬ | ৭ | ৫ | ১২ | ৬ | ১০৪৪ | ৪৩০.৮০ | |
| ১৩ | | কিশোরগঞ্জ | ২৮ | ৯ | ৪ | ১৩ | ৫ | ৭৯২ | ৩২০.০০ | ৩(৫) ইটনা, মিঠামইন, অষ্টগ্রাম |
| | ঢাকা বিভাগের মোট = | | ২৫৭ | ৪৪ | ৪৯ | ৯৩ | ৭২ | ৮২৯৮ | ৩০৫৪.৬০ | |
| ১৪ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ৩৭ | ২ | ১১ | ১৩ | ১৩ | ১২৭৮ | ৪৪১.৪০ | |
| ১৫ | | নেত্রাকোণা | ২২ | ৭ | ৩ | ১০ | ৩ | ৬১২ | ২৬০.৪০ | ১(১) খালিয়াজুড়ি |
| ১৬ | | জামালপুর | ২০ | ০ | ৭ | ৭ | ৮ | ৭২০ | ২৩৮.৪০ | |
| ১৭ | | *শেরপুর | ১৫ | ০ | ৫ | ৫ | ৬ | ৫৪০ | ১৭৮.৮০ | |
| | ময়মনসিংহ বিভাগের মোট = | | ৯৪ | ৯ | ২৬ | ৩৫ | ৩০ | ৩১৫০ | ১১১৯.০০ | |
| ১৮ | রাজশাহী | রাজশাহী | ২৭ | ৪ | ৬ | ১০ | ৮ | ৮৮৮ | ৩২২.৪০ | |
| ১৯ | | নওগাঁ | ২৩ | ৫ | ৬ | ১১ | ৮ | ৭৯২ | ২৭৪.৪০ | |
| ২০ | | নাটোর | ১৬ | ১ | ৫ | ৬ | ৫ | ৩৪২ | ৯৫.০০ | ৬(১৬) |
| ২১ | | চাপাইনবাবগঞ্জ | ৯ | ১ | ৪ | ৫ | ৬ | ৩৯৬ | ১০৬.৮০ | |
| ২২ | | পাবনা | ২২ | ২ | ৭ | ৯ | ৯ | ৭৯৮ | ২৬২.২০ | |
| ২৩ | | সিরাজগঞ্জ | ২৫ | ৩ | ৬ | ৯ | ৬ | ৭৬২ | ২৮৯.৮০ | ১(৩) চৌহালী |
| ২৪ | | জয়পুরহাট | ১২ | ২ | ৩ | ৫ | ৪ | ৪০৮ | ১৪৩.২০ | |
| ২৫ | | বগুড়া | ৩২ | ৬ | ৬ | ১২ | ৮ | ১০০৮ | ৩৮২.৪০ | |
| | রাজশাহী বিভাগের মোট = | | ১৬৬ | ২৪ | ৪৩ | ৬৭ | ৫৪ | ৫৩৯৪ | ১৮৭৬.২০ | |
| ২৬ | রংপুর | রংপুর | ২৪ | ১ | ৭ | ৮ | ৭ | ৪৯৮ | ১৪২.৬০ | ৮(২৪) |
| ২৭ | | কুড়িগ্রাম | ২১ | ০ | ৯ | ৯ | ৯ | ৫২২ | ১২৪.২০ | ৯(২০) রৌমারী, রাজিবঃ |
| ২৮ | | *নীলফামারী | ১৩ | ২ | ৪ | ৬ | ৪ | ২৭৬ | ৭৭.২০ | ৬(১৩) |
| ২৯ | | ঠাকুরগাঁও | ১১ | ২ | ৩ | ৫ | ৫ | ৪১৪ | ১৩১.০০ | ০ |
| ৩০ | | পঞ্চগড় | ৮ | ১ | ৪ | ৫ | ৪ | ২১৬ | ৪৭.২০ | ৫(৮) |
| ৩১ | | গাইবান্ধা | ১৭ | ০ | ৭ | ৭ | ৭ | ৪১৪ | ১০০.৬০ | ৭(১৭) |
| ৩২ | | লালমনিরহাট | ৯ | ১ | ৪ | ৫ | ৪ | ২২৮ | ৫৩.২০ | ৫(৯) |
| ৩৩ | | দিনাজপুর | ২৬ | ৫ | ৮ | ১৩ | ১০ | ৯২৪ | ৩১০.০০ | ০ |
| | রংপুর বিভাগের মোট = | | ১২৯ | ১২ | ৪৬ | ৫৮ | ৫০ | ৩৮৯২ | ৯৮৬ | |

| নং | বিভাগ | জেলা | সিএস সংখ্যা | কর্মসূচিভিত্তিক উপজেলার সংখ্যা | | | কেন্দ্র সংখ্যা | জন | টাকা | বিশেষ উপজেলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | আত্মকর্ম | উভয় | মোট | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩৪ | খুলনা | খুলনা | ২৮ | ২ | ৯ | ১১ | ১১ | ১০০২ | ৩৩৩.৮০ | |
| ৩৫ | | সাতক্ষীরা | ১৭ | ০ | ৭ | ৭ | ৮ | ৬৪৮ | ২০২.৪০ | |
| ৩৬ | | বাগেরহাট | ১৫ | ২ | ৭ | ৯ | ৯ | ৬৩০ | ১৭৮.২০ | |
| ৩৭ | | যশোর | ২৩ | ৩ | ৫ | ৮ | ৭ | ৭৬২ | ২৭৪.৬০ | |
| ৩৮ | | মাগুরা | ১২ | ০ | ৪ | ৪ | ৬ | ৪৬৮ | ১৪২.৮০ | |
| ৩৯ | | নড়াইল | ৯ | ১ | ২ | ৩ | ৪ | ৩৩৬ | ১০৭.২০ | |
| ৪০ | | ঝিনাইদহ | ১৭ | ১ | ৫ | ৬ | ৯ | ৬৭৮ | ২০২.২০ | |
| ৪১ | | কুষ্টিয়া | ১৭ | ২ | ৪ | ৬ | ৫ | ৫৫৮ | ২০৩.০০ | |
| ৪২ | | মেহেরপুর | ৮ | ১ | ২ | ৩ | ৩ | ২৮২ | ৯৫.৪০ | |
| ৪৩ | | চুয়াডাঙ্গা | ১২ | ১ | ৩ | ৪ | ৫ | ৪৩৮ | ১৪৩.০০ | |
| খুলনা বিভাগের মোট = | | | ১৫৮ | ১৩ | ৪৮ | ৬১ | ৬৭ | ৫৮০২ | ১৮৮২.৬০ | |
| ৪৪ | বরিশাল | বরিশাল | ২৮ | ০ | ১০ | ১০ | ১২ | ১০৩২ | ৩৩৩.৬০ | |
| ৪৫ | | ভোলা | ১১ | ২ | ৫ | ৭ | ৭ | ৪৬৮ | ১২৭.৬০ | ১(১) মনপুরা |
| ৪৬ | | পিরোজপুর | ১৭ | ০ | ৭ | ৭ | ৯ | ৬৭৮ | ২০২.২০ | |
| ৪৭ | | ঝালকাঠি | ১০ | ১ | ৩ | ৪ | ৪ | ৩৬০ | ১১৯.২০ | |
| ৪৮ | | পটুয়াখালী | ২০ | ৫ | ৩ | ৮ | ৪ | ৫৯৪ | ২৩৬.২০ | ১(১) রাঙ্গাবালি |
| ৪৯ | | বরগুণা | ১৩ | ৩ | ৩ | ৬ | ৪ | ৪৩২ | ১৫৫.২০ | |
| বরিশাল বিভাগের মোট = | | | ৯৯ | ১১ | ৩১ | ৪২ | ৪০ | ৩৫৬৪ | ১১৭৪.০০ | |
| ৫০ | সিলেট | সিলেট | ১৭ | ৮ | ৪ | ১২ | ৫ | ৫৫৮ | ২০৩.০০ | |
| ৫১ | | *সুনামগঞ্জ | ১৩ | ৭ | ৪ | ১১ | ৫ | ৪৩৮ | ১৪৩.০০ | ৩(৪) ধর্মপাশা, শাল্লা, দোয়ারাবাজার |
| ৫২ | | হবিগঞ্জ | ১৪ | ৪ | ৪ | ৮ | ৭ | ৫৪০ | ১৬৩.৬০ | ১(১)আজমিরিগঞ্জ |
| ৫৩ | | মৌলভীবাজার | ১১ | ৪ | ৩ | ৭ | ৫ | ৪১৪ | ১৩১.০০ | |
| সিলেট বিভাগের মোট = | | | ৫৫ | ২৩ | ১৫ | ৩৮ | ২২ | ১৯৫০ | ৬৪০.৬০ | |
| ৫৪ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ৩৮ | ১২ | ৪ | ১৬ | ৭ | ১১১০ | ৪৪৮.৬০ | ১(২) সন্দ্বীপ |
| ৫৫ | | *কক্সবাজার | ১০ | ৩ | ৫ | ৮ | ৪ | ৩৫৪ | ১১৬.২০ | ১(১)কুতুবদিয়া |
| ৫৬ | | রাঙ্গামাটি | ১৪ | ৬ | ৪ | ১০ | ৮ | ৩৭২ | ১২৫.২০ | ১০(১৪) |
| ৫৭ | | বান্দরবান | ১২ | ১ | ৬ | ৭ | ৬ | ৩৯৬ | ১০৬.৮০ | ৭(১২) |
| ৫৮ | | *খাগড়াছড়ি | ১৩ | ৪ | ৪ | ৮ | ৮ | ৩৫৪ | ১১৬.২০ | ৮(১৩) |
| ৫৯ | | নোয়াখালী | ২৫ | ৬ | ৩ | ৯ | ৫ | ৭৪৪ | ২৯৬.০০ | ১(১)হাতিয়া |
| ৬০ | | ফেণী | ১৫ | ৩ | ৩ | ৬ | ৫ | ৫১০ | ১৭৯.০০ | |
| ৬১ | | লক্ষ্মীপুর | ১৩ | ২ | ৩ | ৫ | ৪ | ৪৩২ | ১৫৫.২০ | |
| ৬২ | | কুমিল্লা | ৪৯ | ১০ | ৭ | ১৭ | ১১ | ১৫০৬ | ৫৮৫.৮০ | |
| ৬৩ | | চাঁদপুর | ২৪ | ০ | ৮ | ৮ | ১০ | ৮৭৬ | ২৮৬.০০ | |
| ৬৪ | | ব্রাহ্মণবাড়িয়া | ২৭ | ৪ | ৫ | ৯ | ৭ | ৮৫৮ | ৩২২.৬০ | |
| চট্টগ্রাম বিভাগের মোট = | | | ২৪০ | ৫১ | ৫২ | ১০৩ | ৬৭ | ৭৫১২ | ২৭৩৭.৬০ | |
| সারাদেশ মোট= | | | ১১৯৮ | ১৮৭ | ৩১০ | ৪৯৭ | ৪০২ | ৩৯১৬২ | ১৩৪৭০.৬০ | |